

১৬ অগাষ্ট, বৃহস্পতিবার

রিমার জন্য

কিছুটা এগুনো যায় আর
কবোষণ চাহত অল্প সংক্রামিত হয়

সংক্রমনের একটা অসুবিধে হলো
কত যে প্রশ্নের সামনা করতে হয়

তাহলে কি লুঠনের ভাষা
কিন্তু তা তো এখন সম্ভব নয় আর
গেরিলা ও সংক্রমন হয়ে গেছে
সওয়াল জবাব,
তাও অকুস্থলে পৌঁছে
প্রায় শেষ হয়ে এল

এখন প্রতীক্ষা ছাড়া গতি নেই
এখন সুযোগ ছাড়া গত্যান্তর নেই
অদ্বৈত অকুস্থলে রোজ আসা যাওয়া

ভ্রু পল্লবে অনেক বছর গেল
ক্রমশঃ কাশের ছায়া প্রেমে

তুমি জানো কতক্ষন প্রতীক্ষা সুন্দর.....